# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৭৪৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭৫০]

পর্ব-৯: কিবলাহ (كِتَابُ الْقِبْلَةِ)

পরিচ্ছেদঃ ৬: এর (সুতরার) পরিমান

## مقدار ذلك

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، وَالْحَارِثُ بْنُ مِسْكِينٍ قِرَاءَةً، عَلَيْهُ وَأَنَا أَسْمَعُ، عَنِ ابْنِ الْقَاسِمِ، قال: حَدَّثَنِي مَالِكٌ، عَنْنَافِعٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، أَنّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخلَ الْكَعْبَةَ هُوَ وَأُسَامَةُ بْنُ زَيْدٍ، وَبِلَالٌ، وَعُثْمَانُ بْنُ طَلْحَةَ الْحَجَبِيُّ فَأَغْلَقَهَا عَلَيْهِ، قَالَ عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ: فَسَأَلْتُ بِلَالًا حِينَ خَرَجَ: مَاذَا صَنَعَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ؟ قَالَ: جَعَلَ عَمُودًا عَنْ يَسَارِهِ وَعَمُودَيْنِ عَنْ يَمِينِهِ وَثَلَاثَةَ أَعْمِدَةٍ وَرَاءَهُ، وَكَانَ الْبَيْتُ يَوْمَئِذٍ عَلَى سِتَّةِ أَعْمِدَةٍ، ثُمَّ صَلَّى وَجَعَلَ بَيْنَهُ وَبَيْنَ الْجِدَارِ نَحْوًا مِنْ ثَلَاثَةِ أَذْرُعٍ .

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٦٩٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 750 - صحيح

বাংলা

৭৪৯. মুহাম্মাদ ইবনু সালামাহ্ ও হারিস ইবনু মিসকীন (রহ.) ..... ’আবদুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) উসামাহ্ ইবনু যায়দ, বিলাল ও ’উসমান ইবনু ত্বলহাহ্ আল হাজাবী (রাঃ) কা’বায় প্রবেশ করলেন এবং তার দরজা বন্ধ করে দিলেন। আবদুল্লাহ ইবন উমার বলেন, বিলাল যখন বের হলেন তখন আমি তাঁকে প্রশ্ন করলাম, রাসূলুল্লাহ (সা.) কি করলেন? বিলাল (রাঃ) বললেন, তিনি একটি খুঁটি তাঁর বাম দিকে, দু’টি খুঁটি তার ডান দিকে রাখলেন আর তিনটি খুঁটি তার পেছনে রেখে সালাত আদায় করলেন। তার মাঝে ও দেয়ালের মাঝে দূরত্ব ছিল তিন হাত।

## English

6. The Distance For That

Narrated Abdullah bin Umar: It was narrated from Abdullah bin Umar that the Messenger of Allah (ﷺ) entered the Ka'bah with Usamah bin Zaid, Bilal and Uthman bin Talha al Hajabi, and locked the door behind him. Abdullah bin Umar said: I asked Bilal when he came out: What did the Messenger of Allah (ﷺ) do? He said: He stood with one pillar to his left, two pillars to his right and three pillars behind him - at that time the House stood on six pillars - and he prayed with approximately three forearm's length between him and the wall.

## ফুটনোট

সহীহ: বুখারী ৫০৫-৫০৬, মুসলিম ১৩২৯, সহীহ আবু দাউদ ১৭৬৪-১৭৬৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি ￼ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=87123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন